

ই - সংবাদ

॥ প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার - ১১/০৮/২০১৭ ॥

১

স্বাধীনতা দিবস : রাজ্যপালের শুভেচ্ছা

আগরতলা, ১১ আগস্ট ॥ দেশের ৭১তম স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যপাল তথাগত রায় রাজ্যবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি শুভেচ্ছা বার্তায় বলেন, আমাদের দেশের ৭১তম স্বাধীনতা দিবসের ঐতিহাসিক মুহূর্তে আমি ত্রিপুরাবাসীকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। প্রায় ২০০ বছরের ব্রিটিশ শাসনের অবসান ঘটিয়ে লক্ষ শহীদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা। আজকের এই পূণ্য তিথিতে এই শুভ মুহূর্তে আমাদের সমস্ত বিবাদ ও বিভেদ ভুলে গিয়ে আমাদের সমস্ত পরিচিত ও অপরিচিত স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই।

তিনি আরো বলেন, এই পবিত্র ও গৌরবময় জাতীয় দিবসে রাজ্যবাসীর সুখ, শান্তি, সমৃদ্ধ এবং ঐক্যবদ্ধ জীবন কামনা করি। রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে এবং এই মর্যাদাকে উচুতে তুলে ধরার জন্য কেন্দ্রীয়, রাজ্য ও স্থানীয় সরকারী কর্মচারী, উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ, পুলিশ, আধাসামরিক ও অসামরিক বাহিনী, জনপ্রতিনিধি ও সাধারণ জনগণকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করি স্বাধীনতা দিবস সারা রাজ্য এবং দেশে সফলভাবে উদযাপিত হবে। জয় হিন্দ।

কাকড়াবন ও তুলামুড়ায় স্বাস্থ্য শিবিরের কর্মসূচী

উদয়পুর, ১১ আগস্ট ॥ কাকড়াবন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগস্ট মাসে ৩টি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচী অনুযায়ী ১২ আগস্ট শিবির হবে গাংফিরা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ১৮ আগস্ট আমতলী সাব সেন্টারে এবং ২৬ আগস্ট শিবির হবে জুমিয়াটিলা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। অপর দিকে তুলামুড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী ১৯ আগস্ট ধুপতলী ভিলেজের জমতিয়া পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এবং ২২ আগস্ট তুলামুড়া ভিলেজের তৈধুম অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। শিবিরগুলিতে সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে।

অমরপুরে সুকান্ত জন্মজয়ন্তীর প্রস্তুতি

অমরপুর, ১১ আগস্ট ॥ তথ্য, সংস্কৃতি দপ্তর এবং অমরপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে ১৪ আগস্ট অমরপুর নগর পঞ্চায়েতের অফিস প্রাঙ্গণে সুকান্ত জন্মজয়ন্তী উদযাপিত হবে। এদিন সকালে থাকবে কবি প্রণাম, প্রভাতফেরী, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে উনুন্ডে কুইজ প্রতিযোগিতা। কবি প্রণাম অনুষ্ঠানের উদ্বোধন করবেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত থাকবেন মহকুমা শাসক অরুণ কুমার রায়। গোমতী জিলা পরিষদের সদস্য তরুণ পাল, অমরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুমুদ বন্ধু দাস প্রমুখ।

শান্তিরবাজারে সুকান্ত জন্ম জয়ন্তী উদযাপনের প্রস্তুতি
শান্তিরবাজার, ১১ আগস্ট ॥ ৭১তম স্বাধীনতা দিবস উদযাপন এবং কবি সুকান্ত ভট্টাচার্যের ৯২তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে দেশাত্রাবোধক সঙ্গীত ও আবৃত্তি প্রতিযোগিতা আগামী ১৪ আগস্ট শান্তির বাজার কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। মহকুমা প্রশাসন, শান্তিরবাজার পুর পরিষদ এবং তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান ঐদিন সকাল ১০টায় এর উদ্বোধন করবেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন রতন চন্দ্র দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে শান্তিরবাজার মহকুমা শাসক, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান এবং বকাফা ব্লকের বি ডি ও উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন শান্তিরবাজার পুরপরিষদের সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুবল চন্দ্র দাস।

সোনামুড়ায় স্বাধীনতা দিবসের প্রস্তুতি

সোনামুড়া, ১১ আগস্ট ॥ সারা দেশের সঙ্গে আগামী ১৫ আগস্ট সোনামুড়াতেও যথাযোগ্য মর্যাদার সঙ্গে ৭১তম স্বাধীনতা দিবস উদযাপিত হবে। স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানটি হবে সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে। এদিন সকাল ৯.১০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন ও অভিনন্দন গ্রহণ করবেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী সহিদ চৌধুরী। সেখানে পরিবেশিত হবে দেশাত্রাবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে এদিন সকাল ১১টায় অনুষ্ঠিত হবে সাঁতার প্রতিযোগিতা, বিকেল ৪ টায় সোনামুড়া মেলারমাঠে অনুষ্ঠিত হবে প্রীতি ফুটবল ম্যাচ, সন্ধ্যা ৬ টায় সোনামুড়া নতুন টাউন হলে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এদিন মহকুমার কারা আবাসিকদের এবং হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। ভোর ৫ টায় অনুষ্ঠিত হবে প্রভাত ফেরী।

উদয়পুর ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস উদযাপিত

উদয়পুর, ১০ আগস্ট ॥ উদয়পুর ইংরেজি মাধ্যম উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ের ২৭তম প্রতিষ্ঠা দিবস ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ রাজর্ষি মিলনায়তনে আয়োজিত হয়। এর উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী রতন ভৌমিক। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, রাজ্য সরকার সর্বত্র বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়নে বহুমুখী পদক্ষেপ নিয়েছে। কলেজ স্তর পর্যন্ত এখানে অবৈতনিক শিক্ষার সুযোগ রয়েছে। উচ্চ শিক্ষার সুযোগ সম্প্রসারণে রাজ্যে তিনটি বিশ্ববিদ্যালয় কাজ করছে। শিক্ষার ক্ষেত্রে এই সুযোগের সদ্ব্যবহার করতে তিনি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। পাশাপাশি ছাত্রছাত্রীদের সমাজের প্রতি দায়বদ্ধ ও সুনাগরিক হিসেবে গড়ে উঠতেও তিনি আহ্বান জানান। বিশেষ অতিথির ভাষণে বিধায়ক মাধব সাহা জানান, আগামী অর্ধবর্ষে সারা রাজ্যে প্রচুর ইংরেজি মাধ্যম বিদ্যালয় চালু হবে। এর মধ্যে উদয়পুরেও অনেকগুলি ইংরেজি মাধ্যমের বিদ্যালয় চালু হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন সুব্রত দেব, শিক্ষা দপ্তরের গোমতী জেলার উপ-অধিকর্তা লক্ষণ দাস, বিদ্যালয় পরিচালন কমিটির চেয়ারম্যান বকুল দত্ত প্রমুখ। সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারাধন সাহা। অনুষ্ঠানে শিক্ষা ও খেলাধুলায় বিভিন্ন বিভাগে কৃতিত্ব অর্জনকারী ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়।